

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৪৫৮.২০১৬ ২৬০৭


তারিখ : ২৬/০৬/১৬

বিষয় : রীট পিটিশন নং-৩৭৭৭/২০১৬, বাদী জনাব মোঃ আজাদ আলী, পিতা-মৃত তোয়াজ আলী, সদস্য, ওয়ার্ড
নং-০৩, ০৫নং বাচোর ইউনিয়ন পরিষদ, রাণীশংকৈল, ঠাকুরগাঁও-বনাম-সরকার ও অন্যান্য মামলায়
প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।

ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলাধীন ০৫নং বাচোর ইউনিয়নের ভোটার সমন্বয় ও সীমানা নির্ধারণ
সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে
মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৭৭৭/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায়
মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনির্শি জারী করেছে। মহামান্য
আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের
মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের
উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


২৬.০৬.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫
E-mail : ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

২। জেলা নির্বাচন অফিসার
ঠাকুরগাঁও।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা

২। উপসচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।